179

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 1 4 1999 ..
পৃষ্ঠা [illegible] কলাম 2 ..

# ১৬ই মার্চ ঢাকা ভার্সিটিতে ছাত্রদলের ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদল আগামী মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। এইদিন ইতিহাস বিভাগে 'বঙ্গবন্ধু চেয়ার' প্রবর্তন অনুষ্ঠান উদ্বোধনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্যাম্পাসে আগমন করিবেন। ছাত্রদল গতকাল (শনিবার) ক্যাম্পাসে মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত এক সমাবেশে মিলিত হয়। সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, প্রধানমন্ত্রীর ক্যাম্পাসে আগমন প্রতিরোধ করার জন্য ধর্মঘট কর্মসূচী পালন করা হইবে। মঞ্জুরে এলাহীর সভাপতিত্বে এই সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক নাসির উদ্দিন পিন্টু, মোজাফফর হোসেন জাকির, রফিক সিকদার, আঃ খালেক হাওলাদার, মোশাররফ হোসেন, মনির হোসেন, রেহেনা আক্তার রানু প্রমুখ।